# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম ৪১০০

www.cpa.gov.bd

বিজ্ঞপ্তি নং-০১/২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করছে ঃ

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল জাঃ বেঃ স্কেল-২০১৫ | ২৮/০২/২০২১ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | সহকারী হারবার মাষ্টার | ০২ | টাঃ ৪৩০০০-৬৯৮৫০/- (মাষ্টার মেরিনার) টাঃ ৩৫০০০-৬৭০১০/- (নন মাষ্টার মেরিনার) | অনূর্ধ্ব ৪০ বৎসর | মাষ্টার (এফজি) বা ১ম শ্রেণি (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজের ১ম মেট হিসাবে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা ৩য় শ্রেণি (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে ০৮ (আট) বৎসরের সামুদ্রিক অভিজ্ঞতা। |
| ২। | পাইলট | ০৪ | টাঃ ৩৫০০০-৬৭০১০/- | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ২য় শ্রেণির (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজের ১ম মেট হিসাবে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা ৩য় শ্রেণি (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে ০৮ (আট) বৎসরের সামুদ্রিক অভিজ্ঞতা। |
| ৩। | ইন্সট্রাক্টর (টেকনিক্যাল) | ০১ | টাঃ ২২০০০-৫৩০৬০/- | অনূর্ধ্ব ৪০ বৎসর চাকুরীরত ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স ০৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ক) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে যান্ত্রিক অথবা বৈদ্যুতিক প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী হইতে হইবে। খ) সরকারী/ আধাসরকারী/ এনজিও বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজে ০২ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪। | ফার্মাসিস্ট | ০৪ | টাঃ ১২৫০০-৩০২৩০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ক) কমপক্ষে এস.এস.সি/ এইচ.এস.সি প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। খ) ডিপ্লোমা ইন ফার্মেসী কোর্স সনদ থাকতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ১/২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৫। | সিনিয়র স্টাফ নার্স | ০২ | টাঃ ১২৫০০-৩০২৩০/- | অনূর্ধ ৩০ বৎসর | ক) ন্যূনপক্ষে এস.এস.সি/ এইচ.এস.সি সহ নার্সিং কাউন্সিল হতে সাধারণ নার্সিং এবং ধাত্রী বিদ্যায় ডিপ্লোমা। |

**অন-লাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলী ঃ**

১। আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট jobscpa.org তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে;

২। অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০ X ৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ২৫ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং ৩০০ X ৮০ সাইজের স্বাক্ষর আপলোড করতে হবে;

৩। অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত তার আবেদনের একাধিক প্রিন্ট কপি (হার্ড কপি) ও একই রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত সোনালী ব্যাংকের সোনালী সেবার পে-স্লীপ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় (পোর্ট শাখা, চট্টগ্রাম ব্যতিত) উক্ত পে-স্লীপ দিয়ে নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত অংকের ফি ও ব্যাংক চার্জ পরিশোধ করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিটি গ্রহণযোগ্য নয়) এবং আবেদনের হার্ড কপি প্রার্থীকে সংরক্ষণ করতে হবে। নিয়োগ পরীক্ষার ফি-০১ হতে ০৩ নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা; এবং ক্রমিক ০৪ ও ০৫ নং এর পদের ক্ষেত্রে ১০০ টাকা;

৪। আবেদনকারী প্রার্থীদেরকে অন-লাইন আবেদনের কপির সাথে, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কসশীট, জাতীয়তা সনদ, জাতীয় পরিচয়পত্র, প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ প্রভৃতির সত্যায়িত কপি সংযুক্ত করে আবেদনের ১৫ (পনের) দিনের মধ্যে পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে। অবশ্যই খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে;

৫। কর্তৃপক্ষ কোন প্রার্থীর আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে চবক এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

৬। প্রার্থীদের অন-লাইনে আবেদনের কপি আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে;

৭। প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে;

৮। অন-লাইনে আবেদনপত্র পূরণ ও সাবমিট করতে কোন সমস্যার সম্মুখীন হলে hr@cpa.gov.bd ই-মেইল ঠিকানায় সমস্যাটির বিষয়ে যোগাযোগ করা যাবে;

৯। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে;

১০। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

১১। অন লাইনে আবেদন গ্রহণ শুরুর সময় ঃ ২৮-০১-২০২১ খ্রিঃ সকাল ১০-০০ টা;

১২। অন লাইনে আবেদন গ্রহণের শেষ সময় ঃ ২৮-০২-২০২১ খ্রিঃ রাত ১২-০০ টা পর্যন্ত

১৩। সোনালী ব্যাংক লিঃ এ ফি জমাদানের শেষ তারিখঃ ০২-০৩-২০২১ খ্রিঃ।

১৪। নিয়োগ সংক্রান্ত তথ্যের জন্য কল সেন্টার ১৬৫৬৩ নম্বরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে।

২৮/০১/২১

(মোঃ মমিনুর রশিদ, উপ সচিব)
পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

জিসি- ২৩/২১ (১০"X৩)